SYLHET PBS-2
ISO 9001:2015 Certified

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
# Sylhet Palli Bidyut Samity-2

দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

E-mail : sylhetpbs2@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯১৫৩.৫৫৮.০২.০০৮.২০২২.৩৮৫

তারিখ ২৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২২ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত) | ০৩টি (সংখ্যা কম .বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ক) এসএসসি/সমমান ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় ন্যুনতম ২য় বিভাগ অথবা জিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলায় প্রতিমিনিটে ন্যুনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতিমিনিটে ন্যুনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে।<br>ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, ই-নথি, যোগাযোগ, তথ্য ও ফাইল ফোল্ডার সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে দক্ষতা ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>চ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনে দক্ষ ও সক্ষম হতে হবে। | বরিশাল, বগুড়া, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, জামালপুর, জয়পুরহাট, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষ্মীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রাজবাড়ী, রাজশাহী, শরীয়তপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইল এবং সিলেট (সিলেট জেলার জৈন্তাপুর, সিলেট সদর , কানাইঘাট, গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নাই) জেলার স্থায়ী ঠিকানার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | অফিস সহায়ক | ০৩ টি (সংখ্যা কম বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ক) এস.এস.সি/সমমান পরীক্ষার উত্তীর্ণ হতে হবে।<br>খ)প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চারিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীর সুন্দর শারিরীক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে ।<br>ঘ) বাইসাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাইসাইকেল থাকতে হবে।<br>ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিস্কার-পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে। | |

### আবেদন করার পদ্ধতি ও শর্তাবলী:

০১। আবেদনকারীগণকে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (**Website:** pbs2.sylhet.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (**WEB:** reb.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ০৭.০৯.২০২২খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, `দরবস্ত, জৈন্তাপুর, সিলেট এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতিত অন্য কোন আবেদন ফরমে/ সাদা কাগজে/ টাইপকৃত/ সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার এবং সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদপত্র , চারিত্রিক সনদপত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (নাম ও পদবীর সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে) সংযুক্ত করতে হবে।

০৩। আগামী ০৭.০৯.২০২২খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/ সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৫। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এ ছাড়া অত্র সমিতির ভৌগলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তাঁর বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। উপজাতীয় প্রার্থীকে উপজাতীয়তার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট/ উপযুক্ত/ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা ও জেলা কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/ বদলী/ পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পুরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৩। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারও আবেদন করার প্রয়োজন নেই।

১৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৬। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে বা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৭। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

10/08/2022

(সঞ্জীব কুমার রায়)
জেনারেল ম্যানেজার
মোবা-০১৭৬৯৪০০০৭৭

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
০১. জেলা প্রশাসক,/পুলিশ সুপার, সিলেট জেলা, সিলেট।
০২. পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩. পরিচালক, প্রশিক্ষন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, --------------------------------পবিস-১/২/৩/৪।
০৬. ডিজিএম (কারিগরী)/কানাইঘাট/কোম্পানীগঞ্জ জোনাল অফিস, সিপবিস-২।
০৭. এজিএম(প্রশাসন/ অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি),সিলেট পবিস-২।
০৮. এজিএম (আইটি), সিলেট পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো)
০৯. এজিএম (ওএন্ডএম), শিবের বাজার/গোয়াইনঘাট সাবজোনাল অফিস, সিলেট পবিস-২।
১০. অফিস/মাষ্টার কপি।

10/08/2022

(সঞ্জীব কুমার রায়)
জেনারেল ম্যানেজার
মোবা-০১৭৬৯৪০০০৭৭

ফরম-১

## সিলেট পল্লীবিদ্যুৎ সমিতি-২ এ নিয়োগ/প্যানেল তৈরীরআবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থানেপ্রার্থীকে স্বহস্তে পূরণকরতেহবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপিছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতেহবে।

সিনিয়র জেনারেলম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

সিলেট

১। নিয়োগবিজ্ঞপ্তিনং----------------------

২. আবেদনকৃত পদেরনাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

৮. মাতারনাম

৯. বয়স ০৭.০৯.২০২২ খ্রিঃ তারিখে) (দিন/মাস/বছর)

১০. পিতারনাম

১১. ধর্ম

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা

১৬. কোন কোটায়সুবিধাপ্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা | | এতিম ও শারিরিকপ্রতিবন্ধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রামপ্রতিরক্ষা | | অন্যান্য |

১৭. স্থায়ীঠিকানাঃ

ক. গ্রাম/ সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা

১৮. যে ঠিকানায়প্রার্থী নিয়োগপত্র (নিয়োগপাওয়ার ক্ষেত্রেপ্রযোজ্য) পেতেইচ্ছুকঃ

ক. গ্রাম/ সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা

১৯. পোষ্টাল অর্ডার নং/ পে-অর্ডারনং

২০. পোষ্টাল অর্ডারের মূল্য

২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতারবিবরণ ( বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষাপ্রতিষ্ঠানেরনাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদেও নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নংএবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরের বর্নিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসাওে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে সিলেট পবিস-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমারবিরুদ্ধে সিলেট পবিস-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট
তাং

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

ISO 9001:2015 Certified

**লিখিত/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার**

## প্রবেশপত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল : ------------------------------------------------

পরীক্ষারতারিখ : ------------------------------------------------

পরীক্ষারসময় : ------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রেরনাম : ------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রেরঠিকানা : ------------------------------------------------

(প্রার্থী / আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদেরনাম** : ------------------------------------------------

প্রার্থীরনাম : ------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায়প্রবেশপত্র পেতেইচ্ছুক------------------------------------------------

------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------

## প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশ পত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্তত: ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরনের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্র পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষার সময় মূল কাগজপত্র আনতে হবে।

৭। পরীক্ষার অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকটজমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করবে।